



শোকবার্তা



০৬ সেপ্টেম্বর, ২০২০

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ডেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদের প্রাক্তন ডিন, মাইক্রোবায়োলজি অ্যান্ড ইমিউনোলজি বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ আবু বকর সিদ্দিক গত শনিবার (০৫ সেপ্টেম্বর ২০২০), রাত দশটার সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে করোনা ভাইরাসে (COVID-19) আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন। তাঁর মৃত্যুতে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যদের পক্ষ থেকে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

প্রফেসর ড. মোঃ আবু বকর সিদ্দিক এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, গবেষক, শিক্ষা-প্রশাসক এবং বিভিন্ন দায়িত্বে থাকাকালীন কৃষি শিক্ষা, বিশেষ করে পশুচিকিৎসা ও গবেষণার উন্নয়নে নিরলস ও আন্তরিক কাজ করে গেছেন। প্রতিষ্ঠালগ্ন হতে এই বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি সমৃদ্ধ করে শিক্ষা ও প্রশাসনের গতিসঞ্চারসহ প্রতিটি উন্নয়ন ধারায় প্রফেসর ড. মোঃ আবু বকর সিদ্দিক যে অবদান রেখে গেছেন- বিশ্ববিদ্যালয় পরিবার তথা জাতি আজীবন কৃতজ্ঞচিত্তে তা স্মরণ করবে।

তাঁর মতো একজন খ্যাতিমান শিক্ষাবিদে জীবনাবসানে জাতি এক বরণ্য শিক্ষাবিদকে হারালো, শিক্ষার্থীরা হারালো তাদের প্রিয় সজ্জন ও পিতৃতুল্য অভিভাবককে। তাঁর মৃত্যুতে শিক্ষাক্ষেত্রে অপূরণীয় ক্ষতি সাধিত হয়েছে।

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার মরহুম প্রফেসর ড. মোঃ আবু বকর সিদ্দিকের আত্মার শান্তি কামনা করেন। তিনি শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান এবং ধৈর্য ধারণের শক্তি প্রদানের জন্য পরম করুণাময়ের নিকট সাহায্য প্রার্থনা করেন।

মো. বদরুল ইসলাম শোয়েব

রেজিস্ট্রার

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট